দৈনিক বাংলা

৫৭

তারিখ 02 JUN 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

# ঢাকা ভার্সিটির ১৫০০ ছাত্র বিসিএস দিতে পারছে না

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : হরতাল অবরোধের কারণে অনার্স ফাইনাল পরীক্ষা শেষ না হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় ১৫শ ছাত্রছাত্রী এবার সপ্তদশ বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করতে পারছেন না।

জানা গেছে, সপ্তদশ বিসিএস পরীক্ষার তারিখ ঘোষণার সময় বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো ছিল, যে সমস্ত ছাত্রছাত্রী এবার অনার্স ফাইনাল পরীক্ষা শেষ করেছেন তারা সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের কাছ থেকে পরীক্ষায় অংশগ্রহণকারী হিসাবে স্বীকৃতিপত্র আবেদনের সঙ্গে যুক্ত করে দিয়ে বিসিএস-এ অংশ নিতে পারবেন।

ঢাকা বিশ্বদ্যালয়ে অনার্স পরীক্ষা শুরু হয়েছে গত ১৪ জানুয়ারী পরীক্ষা শেষ হবার কথা ছিল গত ৯ মে। কিন্তু হরতাল, অবরোধ, ধর্মঘট প্রভৃতি কারণে একাধিকবার পরীক্ষার তারিখ কর্তৃপক্ষ পরিবর্তন করেছেন। এই কারণে এখনও বিশ্ববিদ্যালয়ের অনেক বিভাগের পরীক্ষা [illegible] অন্যদিকে বিসিএস পরীক্ষার আবেদনপত্র জমা দেবার [illegible] আগামী

(৮-এর পৃষ্ঠায় [illegible] দ্রঃ)

## ১৫০০ ছাত্র বিসিএস [illegible]

[illegible] ৫ জুন [illegible] পরীক্ষা শেষ হবে [illegible] সংশ্লিষ্ট বিভাগের ছাত্ররা জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের [illegible]যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অনার্স পরীক্ষার্থী মোঃ আকাশ জানান, পরীক্ষা শেষ না হওয়ার কারণে এই বিভাগের পরীক্ষার্থীরা বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছা থাকা [illegible] অংশ গ্রহণে ব্যর্থ হচ্ছে। এছাড়া [illegible]বিজ্ঞান, সমাজবিজ্ঞানসহ বেশ [illegible] বিভাগের পরীক্ষা এখনও শেষ হয়[illegible]